3867

100Rs.




Admissible under Rule 21 and also ... 5(1)-14 of the W.B.L.R Act I ... duly Stamped Exempt from/does not require Stamp duty under the Indian Stamp Act 1899 Schedule I A No. 33 Fees Paid ...
P. fee ... Paisa in ... Paid.

Addl. District Registrar, Barasat, 24 Parg...

দানপত্র
*****

গ্রহীতা :-
*****

শ্রী অমিয় কান্তি দাস পিতা শ্রী নীল কমল দাস সাং সাহাড়া সুকান্ত নগর থানা সাবেক বারাসাত হাল এয়ারপোর্ট দমদম জেলা ২৪ পরগণা জাতি হিন্দু পেশা চাকুরী ।

দাতা :-
****

১। শ্রী নীল কমল দাস ২। শ্রী সুধীর কুমার দাস ৩। শ্রী যতীন্দ্র নাথ দাস সকলের পিতা মৃত প্রিয়নাথ দাস সাং সাহাড়া সুকান্তনগর থানা সাবেক বারাসাত হাল এয়ারপোর্ট দমদম জেলা ২৪ পরগণা জাতি হিন্দু পেশা ১।২ নং দাতার জমাজমি ও ৩নং দাতার অবসরপ্রাপ্ত ।

কস্য দানপত্র মিদং লিখিতং কার্য্যঞ্চাগে । জেলা ২৪ পরগণা থানা ও সাবরেজিষ্ট্রী

60 Rs.




(২)

**সাবেক বারাসাত হাল থানা দমদম এয়ার পোর্ট, ও সাবরেজিষ্ট্রী মোকাম -** কাশীপুর দমদমার সামিল পরগণা আনোয়ারপুরের মধ্যে মৌজা সাহাড়া গ্রামে নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত ও পরিচিত দাগ মতে ১১ ১/৪ - শতক জমি ও আকর আওলাত বৃক্ষাদি যায় দরবস্ত হকুক যাহাতে আমরা ১।২নং দাতাগণ আমাদিগের ভ্রাতা ৩নং দাতা যতীন্দ্র নাথ দাস মহাশয়ের নিকট হইতে ২৯।১।৬৪ তারিখে সম্পাদিত দলিল ইং ৩০।১।৬৪ তারিখে মোকাম বারাসাত সাবরেজিষ্ট্রী অফিসের ৭১৩২-নং রেজিষ্ট্রী কৃত সাফ কোবালার দ্বারা খরিদ করিয়া খরিদা সূত্রে নিজ নিজ খাসে স্বত্ববান ও দখলিকার আছি ও আমরা ১।২।৩নং দাতাগণ আমাদের ~~[illegible]~~ ভগ্নীপুত্র বৈদ্যনাথ মহাশয় অবিবাহিত অবস্থায় কোন ওয়ারিশান বা অংশীদার না রাখিয়া পরলোক গমন করিলে পর তৎত্যাক্ত সম্পত্তি আমরা দাতাগণ ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া নিজ নিজ খাসে স্বত্ববান ও দখলিকার আছি। তুমি গ্রহিতা আমার একমাত্র পুত্র হইতেছ ও আমরা ২।৩ নং দাতাগণ ১নং দাতা আমাদিগের ভ্রাতুষ্পুত্র হইতেছে। আমাদের বয়স হইয়াছে। শরীর ক্ষীন ধ্বংসী কখন কি হয় বলা যায় না মরনের কোন নিশ্চয়তা

নী: দাস






নাই। আমাদের এই বৃদ্ধ বয়সে তুমি আমাদিগকে যেভাবে সেবা যত্ন দ্বারা সন্তুষ্ট রাখিয়াছ তাহাতে আমরা অত্যন্ত প্রীত। এই বয়সে তোমার সেবাযত্ন না পাইলে আমরা বহু আগে কালের করাল গ্রাসে পড়িতাম। অদূর ভবিষ্যতে সেবা যত্ন দ্বারা

জী: দাতা সন্তুষ্ট রাখিবে ইহা আমাদের দৃঢ় বিশ্বাস। তুমি আমাদের কত আদরের। তাই পুত্র স্নেহে আত্মহারা হইয়া আমাদের জীবিত থাকিতে তোমাকে কিছু দিয়া যাওয়া কর্তব্য আমাদের নগদ টাকা কড়ি কিছু নাই। সেকারণ আমাদের ভোগ দখলিয় নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহার মূল্য ৪০০০, চার হাজার টাকা হইবে তাহা তোমাকে অত্র দানপত্র লিখিয়া দিয়া অদ্য তারিখ হইতে তোমার খাস দখলে পরিত্যাগ করিয়া এককালিন চিরদিনের জন্য চিরনিঃস্বত্ব ও দখলত্যাগী হইলাম। তুমি অদ্যকার তারিখ হইতে আমাদের স্বত্বে সম্পূর্ণ স্বত্ববান হকে হকদার দখলে দখলিকার এবং দান বিক্রয় বন্ধক ইত্যাদির দ্বারা সর্ব প্রকার হস্তান্তরকরণের স্বত্বাধিকারী হইয়া যদৃচ্ছা মত ব্যবহার করত: বর্তমান মালেক প: ব: সরকারের সেরেস্তায় আমাদের নামের স্থলে তোমার




(৪)

নিজ নাম পত্তন পূর্ব্বক নির্দ্ধারিত করাদি সন সন আদায়ে দাখিলাদি গ্রহনে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাক। কস্মিনকালে দানকৃত সম্পত্তি সম্বন্ধে আমরা কিম্বা আমাদের কোন ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণ কেহ কখনও কোন প্রকার ওজরাপত্তি দাবী দাওয়া করি কি করে তাহা সর্বত্র সর্বাদালতে বাতিল ও নামঞ্জুর হইবেক। দানকৃত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ মুক্তাবস্থায় তোমাকে দানপত্র লিখিয়া দিলাম।

এতদার্থে সুস্থ শরীরে সরলান্তকরণে আপনাপন ইচ্ছা পূর্ব্বক অন্যের বিনানুরোধে অত্র দানপত্রে লিখিত পঠিত সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি সন ১৩৯০ সালের ২৭শে অগ্রহায়ণ ইং ১৪।১২।৮৩ সাল।

তপশীল জমি

*********

জেলা ২৪ পরগণা থানা ও সাবরেজিষ্ট্রী সাবেক বারাসাত হাল থানা এয়ারপোর্ট দমদম ও সাবরেজিষ্ট্রী কাশীপুর দমদমার অন্তর্গত পরগণা আনোয়ারপুরের মধ্যে মৌজা সাহাড়া গ্রামে ১৪৬ নং তৌজির মধ্যে হাল মালেক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে জেলা

১। নীলকমল দাস

(৫)

২৪ পরগণা কালেকটারির অধিনে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বী য় বার্ষিক ১৪।।॰ আনা টাকা জমার কাত ৩ এঃ ৫২ শতক জমি ও ঐ জমার মধ্যে বার্ষিক হারাহারি ৭ আনা ৬ পাই আনা জমার কাত ১১ $\frac{১}{৪}$ শতক জমি। মৌজা সাহাড়া গ্রামে জে॰এল॰ ৪৬ নং রেঃ সাঃ ৩নং মাঃ খঃ ২৪৩ক নং অধিন নিজ ২৫৮ নং খতিয়ানভুক্ত

৩৫ পয়ত্রিশ দাগে ডাঙ্গা ॰১৫ শতক মধ্যে ১১ $\frac{১}{৪}$ শতক জমি।

- - - - - - - - - - - - - - - - - -

মোট ০১১ $\frac{১}{৪}$ সোয়া এগার শতক জমি ও তাকর আওলাত বৃক্ষাদি মায় দরবস্ত হকুক অত্র দান পত্র ভুক্ত হইল।

ইসাদী :-

টাইপকারক :-
(শ্রী স্বপন সাহা)
বারাসাত কোর্ট।